

# ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০

( ২০০০ সনের ২০ নং আইন )

জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কতিপয় গেজেটেড কর্মকর্তার নিয়োগ ও কর্মের শর্তাবলী নির্ধারণকল্পে প্রণীত আইন।

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে সংসদ প্রজাতন্ত্রের কর্মে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তাবলী নিয়ন্ত্রণ করিয়া আইন প্রণয়ন করিতে পারেন; এবং

যেহেতু জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কতিপয় গেজেটেড কর্মকর্তার নিয়োগ ও কর্মের শর্তাবলী নির্ধারণকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

## সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

## সংজ্ঞা

২। বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “কর্তৃপক্ষ” অর্থ জাতীয় রাজস্ব বোর্ড বা ইহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(গ) “কর্মকর্তা” অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের কেবল তফসিলের কলাম ২এ উল্লেখিত পদগুলিতে কর্মরত ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা;

(ঘ) “কর্মচারী” অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের কেবল তফসিলের ক্রমিক নং ২এর বিপরীতে কলাম ৪এ উল্লেখিত পদগুলিতে কর্মরত কর্মচারী;

কর্তৃত্ব প্রকৃত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শূন্য, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ১৯৭২। “তফসিল” অর্থ এই আইনের তফসিল;

- (চ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;
- (ছ) “পদ” অর্থ তফসিলের কলাম ২ এ উল্লেখিত কোন পদ;
- (জ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ তফসিলের কলাম ২ এ উল্লেখিত কোন পদের বিপরীতে কলাম ৫ এ উল্লেখিত যোগ্যতা;
- (ঝ) “বাছাই কমিটি” অর্থ ধারা ৬ এর অধীন গঠিত বাছাই কমিটি;
- (ঞ) “জাতীয় রাজস্ব বোর্ড” অর্থ The National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর Article 3 এর অধীন গঠিত National Board of Revenue;
- (ট) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (ঠ) “শিক্ষানবিস” অর্থ এই আইনের অধীন কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ড) “স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড” অর্থ আপাততঃ বলবত্ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান।

## আইনের প্রাধান্য

৩। আপাততঃ বলবত্ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, চুক্তিপত্র বা আইনের ক্ষমতাসম্পন্ন কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর হইবে।

## নিয়োগ পদ্ধতি

৪। (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার শূন্য পদ কেবলমাত্র পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে এবং দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মোট পদের অন্তর্ন ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং অনূর্ধ্ব ৫০% পদ তফসিলে উল্লেখিত ফিডার পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে।

কর্মক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আরগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০

নিয়োগলাভের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশ সাপেক্ষে, তফসিলে উল্লেখিত বয়সসীমার মধ্যে না হয়।

(৪) পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।

(৫) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি কিংবা পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

## সরাসরি নিয়োগ

৫। (১) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(২) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি নিয়োগের জন্য বাছাইকৃত উক্ত ব্যক্তির-

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন স্বাস্থ্য কর্মকর্তা এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক ও মানসিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্ত ও যাচাই না হইয়া থাকে কিংবা উক্তরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৩) কোন ব্যক্তি সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করিলে, কমিশন উক্ত ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করিবে না।